

**ঢাকা বিশ্ববিদ্যালয়**  
**ক্যাম্পাস ও হলে**  
**থমথমে ভাব**  
( বিশ্ববিদ্যালয় সংবাদদাতা )  
ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এবং হলগুলোতে সশস্ত্র তরুণদের আনাগোনা গতকাল রোববার পর্যন্ত অপরিবর্তিত ছিল। গত বুধ ও বৃহস্পতিবার দু'টি ছাত্র সংগঠনের মধ্যে সশস্ত্র সংঘর্ষের পর আপাতদৃষ্টিতে ক্যাম্পাসের পরিবেশ শান্তিপূর্ণ মনে হলেও সংগঠন দু'টির ছত্রছায়ায় অস্থায়ী বহিরাগতরা হলগুলোতে প্রকাশ্যেই অবস্থান করছে। সংগঠন দু'টির সমর্থকদের মধ্যেও উত্তেজনা বিরাজ করছে। যেকোন মুহূর্তে তা সংঘর্ষে রূপ নিতে পারে।  
সংঘর্ষের পর ক্যাম্পাসে পুলিশ অবস্থান নিলেও অস্থায়ীদের মধ্যে এ ব্যাপারে কোন প্রতিক্রিয়া লক্ষ্য করা যাচ্ছে না।  
ক্যাম্পাসঃ পৃঃ ১২ কঃ ২

**ক্যাম্পাস থমথমে**  
( ১ম পাতার পর )  
এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে ছাত্র সংগঠনগুলোর নেতৃবৃন্দের এক সভায় গত শনিবার ছাত্রনেতারা নিজ নিজ সংগঠনের অভ্যন্তরে অস্থায়ীদের প্রশ্রয় না দেয়ার অঙ্গীকার ব্যক্ত করলেও এ ব্যাপারে বাস্তব কোন পদক্ষেপ নেয়ার কথা কেউ ভাবছেন বলে মনে হয় না।  
**প্রতিবাদ**  
ডাকসু ভিপি আমানউল্লাহ আমান গতকাল এক বিবৃতিতে জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় নেতা ইলিয়াস আলী কামরুজ্জামান রতন ও আবদুল মালেকের বিরুদ্ধে ছাত্রলীগের (শা-অ) অভিযোগকে মিথ্যা ও ভিত্তিহীন বলে উল্লেখ করে উদ্বেগ প্রকাশ করে বলেন, সংগঠন এবং এসব নেতার ভাবমূর্তিকে হেয়প্রতিপন্ন করার লক্ষ্যে এ ধরনের অপচেষ্টা চালিয়ে যাচ্ছে।  
জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় নেতা ইলিয়াস আলী, কামরুজ্জামান রতন ও আবদুল মালেকও ছাত্রলীগের (শা-অ) বক্তব্যের প্রতিবাদে অনুরূপ বিবৃতি দিয়েছেন।